



Co-funded by the Asylum, Migration and Integration Fund of the European Union

# Progetto ICARE

HOME/2017/AMIF/AG/EMAS/0075

## CORONA VIRUS যেসব নিয়ম মেনে চলতে হবে

আমাদের কে যা করতে হবে :

বাসায় থাকতে হবে

বের হতে পারবো শুধুমাত্র :

- কাজে যাওয়ার জন্য (বৈধ কাজ)
- খানার এবং ওষুধ কেনার জন্য
- স্বাস্থ্যগত কারণে

যদি আমাদের কাশি ও 37,5° সে এর বেশি জ্বর থাকে তাহলে **বাসায় থাকতে হবে** এবং ডাক্তার কে ফোন করতে হবে ।

হাসপাতালের জরুরী বিভাগে (PRONTO SOCCORSO) যাবেন না ।

যদি আমরা ভাইরাস আক্রান্ত হই অথবা রোগের কারণে অন্তরীণ( কোয়ারান্টাইন) অবস্থায় থাকি তাহলে **বাসায় থাকতে হবে। এই ক্ষেত্রে বের হওয়া নিষেধ ।** দলবদ্ধ ভাবে থাকা এড়িয়ে চলতে হবে ।



আমরা যা করতে পারি :

শুধুমাত্র কাজ করার জন্য, খুব যদি প্রয়োজন হয় অথবা স্বাস্থ্যগত কারণে **অন্য লোকদের সাথে সাক্ষাৎ করা ।** সাক্ষাৎকারীর সাথে কথা বলার সময় দূরত্ব বজায় রাখা । (অন্তত ১ মিটার)

**কুকুরকে বাইরে নিতে হলে** বাসার কাছাকাছি এবং অল্প সময়ের জন্য নিতে হবে ।

খোলা পরিবেশে হাঁটাচলা করতে চাইলে শুধুমাত্র নিজের বাসার কাছাকাছি স্থানে একা, অন্য লোকদের সাথে দূরত্ব বজায় রেখে করতে পারেন।



আপনার কাজের নিয়োগ কর্তা আপনাকে বাসায় থেকে কাজ করতে অথবা প্রাপ্য ছুটি কাটাতে অথবা ছুটি নিতে বলতে পারেন ।



খোলা থাকবে

- যেসব দোকানে খাবার এবং প্রয়োজনীয় জিনিসপত্র বিক্রি করা হয়
- ফার্মেসী
- গীর্জা এবং প্রার্থনার স্থান, কিন্তু ধর্মীয় কার্যকলাপ বন্ধ থাকবে

বন্ধ থাকবে

- সব স্কুল
- দোকান পাট
- বার এবং রেস্টুরেন্ট
- বাণিজ্যিক কেন্দ্রগুলো
- সিনেমা, থিয়েটার, জাদুঘর
- জিম, সুইমিং পুল, খেলাধুলার কেন্দ্র



**আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তারা** আপনাকে চেক করতে পারে এবং আপনার বাইরে বের হবার কারণ জিজ্ঞেস করতে পারে । আইন অমান্যকারী ব্যক্তি একজন অপরাধী এবং তার ৩ মাসের জন্য গ্রেফতার হওয়ার আশংকা আছে অথবা ২০৬ ইউরো পর্যন্ত জরিমানা দিতে হতে পারে।